

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
উপজেলা পরিসংখ্যান অফিস
মনোহরদী, নরসিংদী।


স্মারক নং-৫২.০১.৬৮৫২.০০০.০৬.০৪৪.১৯.২১৯

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩১ ব.
১১ নভেম্বর ২০২৪ খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, অর্থনৈতিক শুমারি ২০২৪ সুষ্ঠুভাবে বাস্তবায়নে শুমারি কমিটির সভা আগামী ১৩ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ বুধবার সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষে অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন জনাব হাছিব খান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



হাছিব খান

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা শুমারি স্থায়ী কমিটি

মনোহরদী, নরসিংদী।

বিতরণঃ

১। উপজেলাকর্মকর্তা, মনোহরদী, নরসিংদী।।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, নরসিংদী।
- ২। উপজেলা পরিসংখ্যান অফিসার, মনোহরদী, নরসিংদী।
- ৩। অফিস নথি।


মনোহরদী উপজেলার শুমারি স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব হাছিবা খান, উপজেলা নির্বাহী অফিসার, মনোহরদী, নরসিংদী।
সভার তারিখঃ ১৩ নভেম্বর ২০২৪ খ্রি.
সভার স্থানঃ উপজেলা সম্মেলন কক্ষ, মনোহরদী, নরসিংদী।
সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভায় সদস্য-সচিব উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীনে খুব কাছাকাছি সময়ের মধ্যে অর্থনৈতিক শুমারি ২০২৪ কার্যক্রম অনুষ্ঠিত হবে। অর্থনৈতিক শুমারির তথ্য সংগ্রহ সঠিকভাবে মনিটরিং করার জন্য মনোহরদী উপজেলাকে মোট ৪টি জোনে ভাগ করা হয়েছে। মনোহরদী পৌরসভা ০১ টি জোনের অন্তর্ভুক্ত রয়েছে। অর্থনৈতিক শুমারি ২০২৪ কার্যক্রম পরিচালনার জন্য ইতোমধ্যেই ১ম জোনাল অপারেশন, লিষ্টিং কার্যক্রম ও ২য় জোনাল অপারেশন সম্পন্ন করা হয়েছে। জোনাল অপারেশনের মাধ্যমে মৌজা ও মহল্লার জিওকোড তালিকা, মৌজার সীমানা চিহ্নিতকরণ, মহল্লার সীমানা চিহ্নিতকরণ এবং মৌজা ও মহল্লা গুলোকে তথ্য সংগ্রহের প্রয়োজনে গণনা এলাকা ভিত্তিক ভাগ করা হয়েছে। প্রতিটি গণনা এলাকা এর বিপরীতে একজন গণনাকারী তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত থাকবেন। প্রতিটি তথ্য সংগ্রহকারী গড়ে ১৫০ টি প্রতিষ্ঠান/অর্থনৈতিক কর্মকাণ্ড সম্বলিত খানার তথ্য সংগ্রহ করবেন। প্রতি ৫-৬ জন গণনাকারীর জন্য একজন করে সুপারভাইজার নিয়োজিত থাকবেন। অর্থনৈতিক শুমারি ২০২৪ " সঠিক বাস্তবায়নে সকল জনগণের সম্পৃক্ততা অত্যন্ত জরুরী। তাছাড়া ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অর্থনৈতিক শুমারি ২০২৪ গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে মর্মে উল্লেখ করেন সদস্য-সচিব। সকল ধরনের জনগণ যাতে করে স্বতঃস্ফূর্তভাবে শুমারির তথ্য প্রদানে উদ্বুদ্ধ হয় সেজন্য ব্যাপক গণসচেতনতা সৃষ্টির প্রয়োজন। সভায় সদস্য-সচিব এ লক্ষ্যে উপজেলা শুমারি স্থায়ী কমিটির সকল সম্মানিত সদস্যদের সহযোগীতা কামনা করেন। সভাপতি মহোদয় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অধীন অর্থনৈতিক শুমারি ২০২৪ এক বিশাল কর্মকাণ্ডে সংশ্লিষ্ট সকলকে যাবতীয় সহযোগীতার আহ্বান জানান। শুমারি কমিটির সকল সম্মানিত সদস্যবৃন্দ নিজেদের অবস্থান থেকে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর যাবতীয় কাজে সার্বিক সহযোগীতা প্রদান করার আশ্বাস ব্যক্ত করেন।

সভায় আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(হাছিবা খান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা শুমারি স্থায়ী কমিটি
মনোহরদী, নরসিংদী।